

# নিরাপদ ফসল উৎপাদনে জৈব বালাইনাশকের ব্যবহার



বাংলাদেশে শাক-সবজি, ফল ও পান ফসলের পোকামাকড় ও রোগ বালাই ব্যবস্থাপনায়
জৈব বালাইনাশক ভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্প (ডিএই অংগ)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

# নিরাপদ ফসল উৎপাদনে জৈব বালাইনাশকের ব্যবহার

| জৈব বালাইনাশক | যে যে পোকা/রোগ দমনে কার্যকর | প্রয়োগ মাত্রা | ব্যবহার বিধি |
|---|---|---|---|
| <br>ফলের পুরুষ মাছি পোকার আকর্ষণ ও মেরে ফেলা ফাঁদ | <br>ফলের পুরুষ মাছি পোকা | গাছে বা ডালে ১-২ গ্রাম করে লাগাতে হবে (৭-৮টি টিউব /হেক্টর) (১হেক্টর = ৭.৫ বিঘা) | টিউবের মধ্যকার জৈব বালাইনাশক মিশ্রিত জেল বা পেস্টের মত পদার্থ ক্ষেতের সীমানা লাইনে অবস্থিত গাছে বা ডালে বা খুটিতে মাটি হতে ৪-৫ ফুট উপরে ১০-১২ মিটার বা ৩৫-৪০ ফুট দূরে দূরে অল্প পরিমান লাগিয়ে দিতে হবে। |
| <br>কুমড়া জাতীয় সবজির পুরুষ মাছি পোকার আকর্ষণ ও দমেরে ফেলা ফাঁদ | <br>কুমড়া জাতীয় সবজির পুরুষ মাছি পোকা | গাছে বা ডালে বা খুটিতে ১-২ গ্রাম করে লাগাতে হবে (৭-৮টি টিউব /হেক্টর) (বিঘা প্রতি একটি টিউব) | টিউবের মধ্যকার জৈব বালাইনাশক মিশ্রিত জেল বা পেস্টের মত পদার্থ ক্ষেতের সীমানা লাইনে অবস্থিত মাচার কাঠি বা খুটিতে মাটি হতে ৪-৫ ফুট উপরে ১০-১২ মিটার বা ৩৫-৪০ ফুট দূরে দূরে অল্প পরিমান লাগিয়ে দিতে হবে। |
| <br>কুমড়া জাতীয় সবজির স্ত্রী মাছি পোকার আকর্ষণ ও মেরে ফেলা পদ্ধতির ফাঁদ | <br>কুমড়া জাতীয় সবজির স্ত্রী মাছি পোকা | প্রতি হেক্টরে ১০০ টি ফাঁদ (বিঘা প্রতি ১২-১৩ টি) | কুমড়া জাতীয় সবজির স্ত্রী মাছি পোকাকে আকৃষ্ট করে মেরে ফেলার জন্য ফাঁদ ক্ষেতের ভিতরের দিকে মাচায় বা মাঠে কাঠি লাগিয়ে ১০-১২ মিটার বা ৩৫-৪০ ফুট দূরে দূরে ঝুলিয়ে দিতে হবে। |
| <br>ফলের স্ত্রী মাছি পোকার আকর্ষণ ও মেরে ফেলা পদ্ধতির ফাঁদ | <br>ফলের স্ত্রী মাছি পোকা | প্রতি হেক্টরে ১০০ টি ফাঁদ (বিঘা প্রতি ১২-১৩ টি) | স্ত্রী মাছি পোকাকে আকৃষ্ট করে মেরে ফেলার জন্য ফাঁদ ক্ষেতের ভিতরের দিকের গাছে / ডালে / খুঁটিতে ১০-১২ মিটার দূরে দূরে ঝুলিয়ে দিতে হবে। গাছ বড় হলে একই গাছে একাধিক ফাঁদ ব্যবহার করতে হবে। |
| <br>ব্যাক্টো-ডি/ফুজি ফ্রুট লিওর/এটি ফ্রুট লিওর ৬৯ | <br>ফলের পুরুষ মাছি পোকা | হেক্টর প্রতি ৭০-৮০ টি ফেরোমোন ফাঁদ (বিঘা প্রতি ১০-১১ টি) | সেক্স ফেরোমন ফাঁদ ১২ মিটার দুরে দুরে জমিতে স্থাপন করতে হবে। সেক্স ফেরোমন ফাঁদে খেয়াল রাখতে হবে যেন ফাঁদের তলায় সাবান পানি থকে। |
| <br>কিউ ফেরো/ফুজি কিউলিওর/কিউলিওর-বিএসি | <br>কুমড়া জাতীয় সবজির পুরুষ মাছি পোকা | হেক্টর প্রতি ৭০-৮০ টি ফেরোমোন ফাঁদ (বিঘা প্রতি ১০-১১ টি) | সেক্স ফেরোমন ফাঁদ ১২ মিটার দুরে দুরে জমিতে স্থাপন করতে হবে। সেক্স ফেরোমন ফাঁদে খেয়াল রাখতে হবে যেন ফাঁদের তলায় সাবান পানি থকে। |
| <br>ফেরোমোন লিওর (বিএসএফবি ফেরো, লিওম্যাক্স, বিএসএফবি লিওর ৬৯) | <br>বেগুনের ডগা ও ফল ছিদ্রকারী পোকা | হেক্টর প্রতি ১০০ টি ফেরোমোন ফাঁদ (বিঘা প্রতি ১২-১৩ টি) | সেক্স ফেরোমন ফাঁদ ১২ মিটার দুরে দুরে জমিতে স্থাপন করতে হবে। সেক্স ফেরোমন ফাঁদে খেয়াল রাখতে হবে যেন ফাঁদের তলায় সাবান পানি থকে। |

| জৈব বালাইনাশক | যে যে পোকা/রোগ দমনে কার্যকর | প্রয়োগ মাত্রা | ব্যবহার বিধি |
|---|---|---|---|
|  স্পোডো লিওর |  (স্পডোপটেরা লিটুরা) | হেক্টর প্রতি ৪০ টি ফেরোমোন ফাঁদ (বিঘা প্রতি ৬ টি) | সেক্স ফেরোমন ফাঁদ ২০ মিটার দুরে দুরে জমিতে স্থাপন করতে হবে। সেক্স ফেরোমন ফাঁদে খেয়াল রাখতে হবে যেন ফাঁদের তলায় সাবান পানি থকে। |
| এ্যাজাডিরেকটিন (বায়োনিম প্লাস, ফাইটোম্যাক্স, নিমবিসিডিন) |  জাব পোকা, সাদা মাছি, পাতার হপার পোকা, মাকড়, পাতা সুড়ঙ্গকারী পোকা, থ্রিপ্স | বায়োনিম ০.৩ ইসি প্রতি লিটার পানিতে ৩ মি:লি: ফাইটোম্যাক্স ৩ ইসি প্রতি লিটার পানিতে ২ মি:লি: | বায়োনিম ০.৩ ইসি প্রতি লিটার পানিতে ৩ মি:লি: অথবা ফাইটোম্যাক্স ৩ ইসি প্রতি লিটার পানিতে ২ মি:লি: পরিমাণ মিশিয়ে ১০-১২ দিন পর ৩-4 বার স্প্রে করা। |
| স্পাইনোসেড (ট্রেসার, সাকসেস) |  টমেটো লিফ মাইনার, বরবটির ফল ছিদ্রকারী পোকা, কাটুই পোকা, বেগুনের ডগা ও ফল ছিদ্রকারী পোকা, লেদা পোকা, ঢেঁড়শের ডগা ও ফল ছিদ্রকারী পোকা, থ্রিপস | হেক্টর প্রতি ট্রেসার-১৭৫এমএল সাকসেস-৬৫০এমএল | ট্রেসার প্রতি ১০ লিটার পানিতে ৪ মি:লি: পরিমাণ অথবা সাকসেস প্রতি ১০ লিটার পানিতে ১২ মি:লি: পরিমাণ মিশিয়ে স্প্রে করতে হবে। |
| পটাসিয়াম সল্ট অব্ ফ্যাটি এসিড (ফাইটোক্লিন) |  মিলিবাগ , স্পাইডার মাইট, সাদা মাছি, জাব পোকা, শোষক পোকা, রেড মাইট | ৫-১০ মিলি / লিটার পানি | ৫-১০ মিলি/লিটার পানি প্রতি লিটার পানিতে ৫-১০ মিলি লিটার পরিমান মিশিয়ে স্প্রে করতে হবে। |
| এ্যাবামেকটিন (ইকোম্যাক ১.৮ইসি, ম্যাট্রিক্সিন প্লাস, বায়োম্যাক্স এম ১.২ইসি) |  সাদা মাছি, থ্রিপ্স, জাব পোকা, লাল মাকড় লিফ মাইনার, পড বোরার, ক্যাটারপিলার | ০.৫ লিটার /হেক্টর | বায়োম্যাক্স: ১ মিলি/লিটার পানি ইকোম্যাক ১.৮ ইসি: ১ মিলি/লিটার পানি |
|  এসএনপিভি |  কাটুই পোকা, লেদা পোকা ও ফল ছিদ্রকারী পোকা (Spodoptera litura), সীমের ফল ছিদ্রকারী পোকা | ০.২ গ্রাম/ লিটার (৩ গ্রাম/ ১৫ লিটার) | ০.২ গ্রাম/ লিটার (৩ গ্রাম/ ১৫ লিটার) পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে। ফেরোমন ফাঁদে লেদা পোকা ধরা পড়ার পর একবার এবং ৬/৭ দিন পর পুনরায় একবার স্পোডো-এনপিভি স্প্রে করতে হবে |
|  কীড়া ধ্বংসকারী উপকারী পোকা ব্রাকোন | পাম্পকিন ক্যাটারপিলার, সাধারণ কাটুই পোকা বা টোবাকো ক্যাটারপিলার, ফলছিদ্রকারী পোকা, সীমের ফল ছিদ্রকারী পোকা, বরবটির ফল ছিদ্রকারী পোকা, ঢেঁড়শের ডগা ও ফল ছিদ্রকারী পোকা | হেক্টর প্রতি এক বাংকার বা ৮০০-১২০০টি | প্রতি সপ্তাহে একবার করে কীড়া নষ্টকারী পরজীবী পোকা, ব্রাকন হেবিটর হেক্টর প্রতি এক বাংকার বা ৮০০-১২০০টি হিসাবে) মুক্তায়িত করতে হবে। বোয়েমের পোকা মুক্তায়িত করার পর মুখ কাপড় দিয়ে পুনরায় ঢেকে রাখতে হবে এবং পুনরায় পোকা মুক্তায়িত করতে হবে। |



| জৈব বালাইনাশক | যে যে পোকা/রোগ দমনে কার্যকর | প্রয়োগ মাত্রা | ব্যবহার বিধি |
|---|---|---|---|
| ট্রাইকোগ্রামা কোইলোনিজ | পাতা সুড়ঙ্গকারী পোকা, সীমের ফল ছিদ্রকারী পোকা, বরবটির ফল ছিদ্রকারী পোকা, ঢেঁড়শের ডগা ও ফল ছিদ্রকারী পোকা | প্রতি সপ্তাহে হেক্টর প্রতি এক গ্রাম পরজীবী পোকা | প্রতি সপ্তাহে একবার করে ডিম নষ্টকারী পরজীবী পোকা, ট্রাইকোগ্রামা কোইলোনিজ (হেক্টরপ্রতি এক গ্রাম) পরজীবী পোকা আক্রান্ত ডিম মুক্তায়িত করতে হবে। |
|   নিম তেল | লাল মাকড়, মাকড়, সাদা মাছি পোকা, পাতা সুড়ঙ্গকারী পোকা, সীমের জাবপোকা | ৫.০ মিলি: + ৫ মিলি: ট্রিকস প্রতি লিটার পানিতে। | নিম তেল ৫.০ মিলি: + ৫ মিলি: ট্রিকস প্রতি লিটার পানিতে মিশিয়ে পাতার নিচের দিকে স্প্রে করতে হবে অথবা ১ কেজি আধা ভাঙ্গা নিম বীজ ২০ লিটার পানিতে ১২ ঘন্টা ভিজিয়ে রেখে উক্ত পানি ( ছেকে নেওয়ার পর) পাতার নিচের দিকে স্প্রে করতে হবে। |
| ট্রাইকোডার্মা (ট্রাইকস্ট ১% ডব্লিউ পি) | আলু বেগুন, মরিচ, পান, টমেটো, ফুলকপি, বাধাকপি, কুমড়াজাতীয় সবজি, শিম ইত্যাদি ফসলের ঢলে পড়া রোগ, এ্যানথ্রাকনোজ রোগ, শিকড় পঁচা, গোড়া পঁচা, কান্ড পঁচা, পাতার দাগ রোগ ও পাতা ঝলসানো রোগ । | হেক্টর প্রতি ২.৫ কেজি। প্রতি লিটার পানিতে ৩-৫ গ্রাম। | বীজ শোধন: ২০ গ্রাম ট্রাইকস্টের লেই তৈরি করে ১কেজি বীজ শোধন করে ১০-১৫ মিনিট ছায়োতে শুকাতে হবে। মাটি/জমি শোধন: শেষ চাষে হেক্টর প্রতি ২.৫ কেজি জমিতে ছিটিয়ে দিতে হবে। ফসলে: ট্রাইকোডার্মা স্পোর/পাউডার প্রতি লিটার পানিতে ৩ গ্রাম হারে মিশিয়ে ৭দিন পর পর ৪ বার স্প্রে করতে হবে। |
| ট্রাইকোডার্মা (বাউ-বায়োফানজিসাইড, বায়োডার্মা) |  পানের পাতা পঁচা রোগ, পাতার দাগ রোগ,লতা পঁচা বা কান্ড পচাঁ রোগ, গোড়া পঁচা বা মূল পঁচা রোগ | * বাউ- বায়োফানজিসাইড প্রতি লিটার ২ গ্রাম হারে * বায়োডার্মা ৩৩ শতকে ৮-১০ কেজি | * প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে ২/৩ সপ্তাহ পর পর গাছের পাতায় ও মাটিতে স্প্রে করতে হবে। * প্রতি বর্গমিটারে ৬.৪ গ্রাম বা প্রতি শতকে ২৫৬ গ্রাম বা ৩৩ শতকে ৮-১০ কেজি প্রথম পানের বরজ তৈরির সময় এবং প্রতিবার মাটি তুলে দেওয়ার সময় মাটিতে মিশিয়ে দিতে হবে। |
| মোনেক্স ০.৫ ডব্লিউ পি |  টমেটো ব্যাকটেরিয়াল উইল্ট এছাড়াআলু,মরিচ, টমেটো, বাধাকপি, মূলার ঢলে পড়া রোগে ব্যবহার করা যায়। | ২.৫ কেজি/হেক্টর। প্রতি লিটার পানিতে ৫ গ্রাম। | বীজ শোধন: ১লিটার পানিতে ২০ গ্রাম পাউডার মিশিয়ে ১কেজি বীজ শোধন করে ১০-১৫ মিনিট ছায়াতে শুকাতে হবে। চারা শোধন: ১লিটার পানিতে ১০ গ্রাম পাউডার মিশিয়ে কাটিং বা চারার শিকড় ১০-১৫ মিনিট চুবিয়ে রাখতে হবে। মাটিতে প্রয়োগ: হেক্টর প্রতি ২.৫ কেজি পাউডার মাটি/জৈব সারের সাথে মিশিয়ে জমিতে ছিটিয়ে দিতে হবে। ফসলে: প্রতি লিটার পানিতে ৫ গ্রাম মিশিয়ে ৭-১০ দিন অন্তর ২/৩ বার স্প্রে করতে হবে। |
| ডিকোপ্রাইমা |  বেগুনের ফিউজেরিয়াম উইল্ট। | ৭৫০ গ্রাম/হেক্টর। ১০০ গ্রাম/বিঘা। | ১০০ গ্রাম ডিকোপ্রাইমা ১লিটার পানিতে গুলিয়ে ৬-২৪ ঘন্টা রেখে দিতে হবে। পরে ৫০ লিটার পানিতে মিশিয়ে সর্বোচ্চ ১বিঘা জমিতে চারা/বীজ রোপনের পূর্বে স্প্রে করে ৩-৪দিন পর চারা/বীজ রোপন করতে হবে। ১মাস পরপর আরও ২ বার ডিকোপ্রাইমা পূর্বের নিয়মে স্প্রে করতে হবে। |

উৎস ঃ কীটতত্ত্ব বিভাগ, সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর ও উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

**জৈব বালাইনাশক ও আই পিএম কৌশল ব্যবহার করে নিরাপদ ফসল উৎপাদন করুন**

প্রকাশকাল ঃ এপ্রিল-২০১৯
মুদ্রণ সংখ্যা ঃ ৫০০০ কপি